

বাংলা বিভাগ
রঘুনাথপুর কলেজ, পুরুলিয়া

০৬/১২/২০২০, রাত্রি আটটায় অনুষ্ঠিত বিভাগীয় আলোচনার বিবরণী-

০৫/১২/২০২০ তারিখে রঘুনাথপুর কলেজের মাননীয় অধ্যক্ষ মহাশয় ও বিভিন্ন বিভাগীয় প্রধানদের এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এই সভায় অধ্যক্ষ মহাশয় এর উত্থাপিত বিষয়গুলি সম্পর্কে বিশদ আলোচনা হয়। বিভাগীয় প্রধানগণকে দায়িত্ব দেওয়া হয় যে এই বিষয়গুলি বিভাগের অন্যান্য শিক্ষক-শিক্ষিকাগণকে অবহিত করার। সেই মোতাবেক গত ০৬/১২/২০ রাত্রি ৮ ঘটিকায় বাংলা বিভাগের অনলাইন সভা বসে। যে বিষয়গুলি আলোচিত হয় তা যথাক্রমে-

১) অধ্যক্ষ মহাশয় জানতে চান 5thSem ও 3rdSem-এর সিলেবাস কতটা (upto Nov,2020) পড়ানো হয়েছে?- এর উত্তরে জানানো হয় যে সিলেবাস কভারেজ ৮০-৯০ শতাংশ।

২) 5thSem ও 3rdSem-এর Final Exam-এর সম্ভাব্য তারিখ জানুয়ারি, 2021-এর শেষ সপ্তাহ এবং ফেব্রুয়ারি, 2021-এর প্রথম সপ্তাহ।

৩) সরকারি নির্দেশ অনুসারে পরীক্ষা নেওয়া হবে। এ বিষয়ে সব রকম তথ্য সময়মতো বিশ্ববিদ্যালয় নোটিশ মারফত জানাবে। তবে open book exam হবেনা।

৪) যদিও সেপ্টেম্বর, 2020-এর শেষ সপ্তাহ থেকে আমরা Sem-1 অনার্স-এর ক্লাস শুরু করেছি, কিন্তু ইউনিভার্সিটির নির্দেশ অনুসারে Sem-1- এর অনার্স ও প্রোগ্রাম কোর্সের অফিশিয়াল ক্লাস শুরু হবে 16.12.2020 থেকে। ক্লাস চলবে 31 শে মার্চ 2021 পর্যন্ত। সরকারি নির্দেশ অনুসারে অনলাইন ক্লাস অথবা অফলাইন ক্লাস হবে। মোট 90 দিন ক্লাস করতে হবে তাই প্রয়োজন অনুসারে কয়েকটি রবিবারেও ক্লাস হতে পারে।

৫) কলেজের মাস্টার রুটিন থেকে বিভাগীয় ক্লাস রুটিন বানিয়ে ক্লাস শুরুর পূর্বে কলেজ ওয়েবসাইটে আপলোড করা হবে।

৬) কলেজ আওয়ার অর্থাৎ দশটা থেকে পাঁচটার মধ্যে নির্ধারিত সময়সূচি অনুসারে অনলাইন ক্লাস হবে। তবে প্রয়োজন অনুসারে নির্ধারিত সময়ের আগে বা পরেও অনলাইন ক্লাস নেওয়া যেতে পারে।

৭) Sem-1 -এর Final Exam-এর সম্ভাব্য সময় হল এপ্রিল 2021- এর প্রথম সপ্তাহ।(এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত সময়সূচি নোটিশ দিয়ে জানানো হবে)

৮) Sem-1এর ছাত্র-ছাত্রীদের ডিসেম্বর ,2020 মধ্যে অবশ্যই ইউনিভার্সিটি রেজিস্ট্রেশন করে নিতে হবে।

৯) Sem-1এর ছাত্র-ছাত্রীদের বিষয়(subject) সংক্রান্ত কোনো অসঙ্গতি থাকলে তখনি ঠিক করে নিতে হবে।

১০) প্রোগ্রাম কোর্স-এর ছাত্র-ছাত্রী সংখ্যা বেশি হওয়ায় গ্রুপ ভাগ করে ক্লাস নেওয়া হবে। তারা এই সম্পর্কে সমস্ত তথ্য কলেজ ওয়েবসাইটের বিভাগের নোটিশবোর্ড থেকে সংগ্রহ করবে।

১১) অধ্যাপক -অধ্যাপিকাগণ কোনদিন ক্লাস নিতে না পারলে সেটি অবশ্যই আগে জানিয়ে দেবেন, এবং পরে এর জন্য অধ্যক্ষ মহাশয় এর কাছে ছুটির(CL/EL) দরখাস্ত করতে হবে।

১২) Sem 1,3,5 এর Internal Exam বিষয়ে বিভাগীয় নোটিশ বোর্ডে যথাসময়ে নির্ধারিত সূচি দেওয়া হবে।

১৩) আগামী 16 ই ডিসেম্বর 2020 থেকে প্রত্যেক সপ্তাহে সোমবার থেকে বৃহস্পতিবার পর্যন্ত চারদিন লাইব্রেরি খোলা থাকবে। ভিড় এড়িয়ে উপযুক্ত স্বাস্থ্যবিধি পালন করে ছাত্র-ছাত্রীরা কলেজ লাইব্রেরী ব্যবহার করতে পারবে। এছাড়া কলেজ ওয়েবসাইটে e-resource অংশে বিভিন্ন লাইব্রেরী সংক্রান্ত তথ্য পাওয়া যাবে।

১৪) Sem 1-এর ছাত্রছাত্রীরা নিজের নাম, ফোন নাম্বার এবং ইমেইল এড্রেস বিভাগে জমা দেবে।